

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৮, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ছানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

ছানীয় সরকার বিভাগ

(পৌর শাখা-৩)

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই চৈত্র, ১৪০৭/২৮শে মার্চ, ২০০১

এস, আর, ও নং-৭২-আইন/২০০১—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং-৯-আইন/২০০০, তারিখ-১০ই জানুয়ারী, ২০০১ ইং দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বিলিয়া উল্লেখিত, এর rule 3 বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য ময়মনসিংহ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার প্রতিবেদন বিবেচনাত্ত্বে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সম্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৭৮৫)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে  
প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নিম্ন তফসিলে  
বর্ণিত শহর এলাকাকে, আগামী তরা বৈশাখ, ১৪০৮ বাংলা ১৬-৪-১০০১ইং তারিখ হইতে (উক্ত  
তারিখ অন্তর্ভুক্ত) কার্যকারিভাবে, একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই  
মিউনিসিপ্যালিটি ফুলপুর মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

### তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগ নং
(১)	ফুলপুর	মাগন ফুলপুর	৯৬	০১-৮০
(২)	ফুলপুর	কাজিয়াকান্দা	৯২	০১-৭৯৭
(৩)	ফুলপুর	গোদালিয়া	৯৩	০১-৮২৮
(৪)	ফুলপুর	আনোয়ারখিলা	৯৪	০১-৮১
(৫)	গয়ারী	আমুয়াকান্দা	১২৩	০১-২২৮
(৬)	গয়ারী	দিউ	১২৪	০১-৩৪২
(৭)	গয়ারী	সাহাপুর	৮৩	০১-৩৬২
(৮)	ফুলপুর	চরপাড়া	৯১	০১-৫৮১

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আলী খান  
উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয় ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমসু ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।